# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ ঘুম থেকে জাগার পর যিকর

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঘুম থেকে জাগার পর যিকর

১।

الحمد لله الذي عافاني في جسدي و رد علي جسدي و اذن لي بذكره

উচ্চারণঃ আলহামদু লিল্লা-হিল্লাযী আ-ফা-নী ফী জাসাদী অরাদ্দা আলাইয়্যা রূহী অ আযিনা লী বিযিকরিহ।

অর্থ- সেই আল্লাহর যাবতীয় প্রশংসা, যিনি আমার দেহে আমাকে নিরাপত্তা দিয়েছেন, আমার প্রতি আমার আত্মাকে ফিরিয়ে দিয়েছেন এবং তাঁর যিকর করার অনুমতি দিয়েছেন। (সহীহ তিরমিযী ৩/১৪৪)

২।

الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النُّشُورُ

উচ্চারণঃ- আলহামদু লিল্লা-হিল্লাযী আহয়্যা-না বা'দা মা আমাতানা অ ইলাইহিন নুশূর।

অর্থঃ সেই আল্লাহর সমস্ত প্রশংসা যিনি আমাদেরকে মৃত্যু (নিদ্রা) দেওয়ার পর জীবিত করলেন এবং তাঁরই দিকে আমাদের পুনর্জীবন। (বুখারী ৬৩১২, মুসলিম ৭০৬২নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11685

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন